

# সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৮৬৪

8৫/ क्योलं (کتاب الفضائل)

পরিচ্ছেদঃ ২৭. রাসুলুল্লাহ (্ৠ্রি) এর বার্ধক্য

باب شيبه صلى الله عليه وسلم.

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَابْنُ، نُمَيْرٍ وَعَمْرُو النَّاقِدُ جَمِيعًا عَنِ ابْنِ إِدْرِيسَ، \_ قَالَ عَمْرُو حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ الأَوْدِيُّ، \_ عَنْ هِشَامٍ، عَنِ ابْنِ سِيرِينَ، قَالَ سُئِلَ أَنسُ بْنُ مَالِكٍ هَلْ خَضَبَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ إِنَّهُ لَمْ يَكُنْ رَأَى مِنَ الشَّيْبِ بِنُ مَالِكٍ هَلْ خَضَبَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ إِنَّهُ لَمْ يَكُنْ رَأَى مِنَ الشَّيْبِ إِلاَّ \_ قَالَ ابْنُ إِدْرِيسَ كَأَنَّهُ يُقَلِّلُهُ \_ وَقَدْ خَضَبَ أَبُو بَكْرٍ وَعُمَرُ بِالْحِنَّاءِ وَالْكَتَمِ .

#### বাংলা

৫৮৬৪। আবৃ বকর ইবনু আবৃ শায়বা, ইবনু নুমায়র ও আমর আন-নাকিদ (রহঃ) ... ইবনু সীরীন (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আনাস (রাঃ) কে প্রশ্ন করা হলো, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি খেযাব (কলপ) লাগাতেন? তিনি বললেনঃ তিনি তো তেমন বার্ধক্য দেখেন নি তবে ...... ইবনু ইদরীস (রহঃ) বলেন, তিনি [আনা (রাঃ)] যেন কম বুঝাচ্ছিলেন। অবশ্য আবৃ বকর ও উমর (রাঃ) মেহদী এবং নীল রঙের খেযাব লাগিয়েছেন।

## **English**

### Ibn Sirin reported:

Anas b. Malik was asked whether Allah's Messenger () dyed his hair. He said: He had not become old enough to have white hair. Ibn Idris said that he had a few white hair. Abu Bakr and Umar, however, dyed hair with hina' (henna).

## ফুটনোট

দৃষ্টি আকর্ষণঃ এখানে ২৭ নং ও ২৮ নং পরিচ্ছেদ আগেও গত হয়েছে। এটি সিরিয়াল অনুযায়ী ২৯ হওয়ার কথা। কিন্তু মূল বইতে ২৭, ২৮ পরিচ্ছেদের পর আবার ২৭ থেকে শুরু করেছে। যার কারণে আমরা এটা পরিবর্তন



করলে পরের পরিচ্ছেদের নাম্বারগুলো মূল বইয়ের পরিচ্ছেদের সাথে মিলবে না। তাই সিরিয়াল নাম্বার ভুল থাকা সত্ত্বেও আমরা তা মূল বইয়ের মতই রেখে দিলাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু সীরীন (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন